

**স্কিল অ্যাওয়ারনেস অ্যান্ড প্লেসমেন্ট ড্রাইভ প্রোগ্রামের উদ্বোধন
ছাত্রছাত্রীদের কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনের জন্য তৈরি হতে হবে : কৃষিমন্ত্রী**

রাজ্যের ছাত্র এবং তরুণ সমাজের মেধাকে বিকশিত করা ও আত্মনির্ভর হওয়ার ক্ষেত্রে তাদের দক্ষ করে তোলার জন্য রাজ্যের বর্তমান সরকার কাজ করে চলেছে। এই লক্ষ্যে নেওয়া হচ্ছে নানা কর্মসূচি। আজ মোহনপুর ব্লক অফিস সংলগ্ন শেল্টার হাউস প্রাঙ্গণে মেগা স্কিল অ্যাওয়ারনেস অ্যান্ড প্লেসমেন্ট ড্রাইভ প্রোগ্রামের আনুষ্ঠানিক উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশ পরিচালনার দায়িত্ব হাতে নেওয়ার পর তরুণ প্রজন্মকে আত্মনির্ভর করার লক্ষ্যে স্কিল ডেভেলপমেন্টের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। কৃষিমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের শুধুমাত্র ভালো নম্বর নিয়ে পাশ করলেই চলবে না। কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনের জন্য সেভাবে তাদের তৈরি হতে হবে। এই বিষয়টির উপর কেন্দ্র এবং রাজ্যের বর্তমান সরকার বিশেষভাবে কাজ করে চলেছে। তিনি বলেন, বর্তমান তরুণ প্রজন্ম যাতে আর্থিক দিক দিয়ে স্বনির্ভর হয়ে উঠতে পারে সে লক্ষ্যে প্রধানমন্ত্রী স্কিল ডেভেলপমেন্ট স্কিম চালু করা হয়েছে। যারা কর্মসংস্থানের জন্য চেষ্টা করছেন তাদের দক্ষ করে তোলা এই স্কিমের লক্ষ্য। তিনি বলেন, স্কুল কলেজে পাঠদান পর্ব সম্পন্ন করার পর ছেলেমেয়েরা যাতে বাড়িতে বসে না থেকে কর্মসংস্থানের জন্য নিজেদের দক্ষ করে তুলতে পারে সেজন্য এই প্রকল্প চালু করা হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। সভাপতিত্ব করেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শংকর দেব, লেফুঙ্গা বি.এ.সি.-র চেয়ারম্যান রণবীর দেববর্মা, মোহনপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের অতিরিক্ত অধিকর্তা সুভাষ চন্দ্র দাস প্রমুখ। অনুষ্ঠানে বেসরকারি বিভিন্ন সংস্থার ২৯৮টি পদের জন্য ২৬৩ জন আবেদন করেন। রায় কনস্ট্রাকশন, প্রাণ, এভারগ্রিন, লংতরাই, ডি.এস. গ্রুপ ইত্যাদি সংস্থা এই অনুষ্ঠানে অংশ নেয়। প্রশিক্ষণের জন্য ৩,১৪৩ জন যুবক-যুবতী তাদের নাম নথিভুক্ত করেছে। উল্লেখ্য, মোহনপুর মহকুমা প্রশাসন, মোহনপুর আর.ডি. ব্লক, লেফুঙ্গা আর.ডি. ব্লক, মোহনপুর পুরপরিষদ ও স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের উদ্যোগের আজকের এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।